

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা-১২১৫।
(www.dls.gov.bd)

৩০/০৮/২০১৬ খ্রিঃ

তারিখ :- ১৫/০৫/১৪২৩ বঃ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

প্রাণিসম্পদ অধিদপ্তরধীন রাজস্বখাত ভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১.	ডি.এফ.এ গ্রেড- ১৪, স্কেল-১০২০০-২৪৬৮০/-	২৮৯	১। অনুমোদিত যে কোন শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক/ সমমান পাশ হতে হবে।	
২.	কম্পাউন্ডার, গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/-	৫৫	২। নির্বাচিত প্রার্থীগণকে ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউট/ লাইভস্টক ট্রেনিং ইন্সটিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ বৎসরের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণে উত্তীর্ণ প্রার্থীগণকে চূড়ান্তভাবে নিয়োগ প্রদান করা হবে। প্রশিক্ষণকালীন সময়ে সরকার কর্তৃক নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।	
৩.	পোল্ট্রি টেকনিশিয়ান, গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/-	১০		
৪.	এফ.এ (এ/আই) গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/-	২৪৮		
	সর্বমোট=	৬০২		

নিয়োগের শর্তাবলী :-

- নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান প্রতীপালিত হবে।
- অনলাইনে আবেদনপত্র পূরণের সকল নির্দেশনা www.dls.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে এবং উল্লেখিত ওয়েব সাইটে আবেদন ফরম পূরণ করতে হবে। শুধুমাত্র বর্ণিত ওয়েব সাইটে প্রাপ্ত আবেদনপত্রই বৈধ বলে গণ্য হবে।
- ক) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৪ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকা
খ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ০৫ অক্টোবর, ২০১৬ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা
- অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের হার্ডকপি, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ এর সত্যায়িত অনুলিপি সহ অন্যান্য কাগজপত্র উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবরে ডাকযোগে প্রেরণ করতে হবে। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় সকল সনদের মূল কপি দেখাতে হবে।
- আবেদন পত্রের সাথে বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংক লিঃ হতে ১০০/- (একশত) টাকা মূল্যের ট্রেজারী চালান মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবরে নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১-৪৪৪১-০০০০-২০৩১ কোডে জমা দিয়ে চালানোর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ট্রেজারী চালানের নম্বর, তারিখ, ব্যাংকের নাম ও ঠিকানা অনলাইনে পূরণ করে ট্রেজারী চালানের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স ৩০/০৮/২০১৬খ্রিঃ তারিখে ১৮-৩০ বছর। তবে শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধার নাতী/ নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক উত্তরাধিকারী সনদপত্র (প্রয়োজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে এবং পরবর্তীতে ছব্বই সেভাবে লিখতে হবে।
- প্রার্থী নির্বাচনে জেলা কোর্টসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোর্টা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ক্রটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের সময় পদ সংখ্যা কম/ বেশী নির্ধারণ এবং নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- বিজ্ঞপ্তি পদের প্রেক্ষিতে অনলাইনে পূরণকৃত আবেদন এবং ডাকযোগে প্রাপ্ত তার হার্ডকপি যাচাই বাছাই প্রক্রিয়ায় শুধুমাত্র যোগ্য প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।
- মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর ২৭১০/১২ তারিখ ১৯/০২/২০১৫ আদেশ পর্যালোচনা পূর্বক এ নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হুল।
- লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

(ডাঃ মোঃ আইনুল হক)

উপপরিচালক(চঃ দাঃ) প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও

সদস্য সচিব

৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর বিভাগীয় নির্বাচন কমিটি।